

তারিখ: ২৬/০৪/২০২৬

স্মারক নং- ৩২.০২.৫৯৮৪.০০০.১৪.০৪০.১৮. ৩৬

বিজ্ঞপ্তি

বিষয়: জাতীয় মহিলা সংস্থা, শ্রীনগর উপজেলা কার্যালয় কর্তৃক ২০২৫ - ২০২৬ অর্থ বছরে দুঃস্থ, অসহায় মহিলাদের মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ প্রসঙ্গে।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৫ - ২০২৬ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী জাতীয় মহিলা সংস্থা, শ্রীনগর উপজেলা কার্যালয় কর্তৃক মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রমের আওতায় শ্রীনগর উপজেলার স্থায়ী বাসিন্দা দুঃস্থ, অসহায়, বেকার, স্বামী পরিত্যক্তা, বিধবা, প্রশিক্ষণপ্রাপ্ত ও পেশাজীবী মহিলাদের মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ করা হবে। ক্ষুদ্রঋণ গ্রহণে আগ্রহী মহিলাগণকে আগামী ০৭/০৫/২০২৬ তারিখের মধ্যে সংস্থার নির্দিষ্ট ফরমে অফিস চলাকালীন সময় (সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা) নিম্নস্বাক্ষরকারীর বরাবর আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।


প্রয়োজনীয় কাগজপত্রাদি:

- পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি ছবি (সত্যায়িত)।
- জাতীয় পরিচয়পত্র ০১ (এক) কপি (সত্যায়িত)।
- স্থানীয় ইউপি চেয়ারম্যান কর্তৃক স্থায়ী বাসিন্দা হিসেবে প্রত্যয়ন পত্র ০১ (এক) কপি।
- বয়স : ১৮ বছর হতে ৫৫ বছর।

শিক্ষাগত যোগ্যতা: ন্যূনতম অক্ষরজ্ঞান সম্পন্ন।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন :

- জাতীয় মহিলা সংস্থা, শ্রীনগর উপজেলা কার্যালয়, মুন্সীগঞ্জ।
- মোবাইল নম্বর : ০১৯১৪-৩৮০৯২।


২৬/০৪/২৬

(হাছিবুর রহমান)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা ক্ষুদ্রঋণ বাস্তবায়ন কমিটি

জাতীয় মহিলা সংস্থা

শ্রীনগর উপজেলা, মুন্সীগঞ্জ।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সহকারী কমিশনার (ভূমি), শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ২। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৩। উপজেলা কৃষি কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৪। উপজেলা মৎস্য কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৫। চেয়ারম্যান ইউনিয়ন পরিষদ (সকল), শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৭। উপজেলা সমবায় কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৮। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ৯। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।
- ১০। তথ্য সেবা কর্মকর্তা, শ্রীনগর, মুন্সীগঞ্জ।

অনুলিপি:

- ১। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় মহিলা সংস্থা (নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। অফিস কপি।
- সদয় জ্ঞাতার্থে:
- ১। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।